মুখবন্ধ

সরকার কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পসমূহের গুণগতমান নিশ্চিতসহ কাঙ্ক্ষিত উদ্দেশ্য অর্জনের জন্য প্রকল্পের সুষ্ঠু পরিবীক্ষণ ও যথাযথ মূল্যায়ন অত্যাবশ্যক। পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) প্রতিষ্ঠার পর থেকে সর্বোচ্চ আন্তরিকতা ও দক্ষতার সাথে এ দায়িত্ব সম্পাদন করছে।

সরকারের অ্যালোকেশন অব বিজনেস অনুযায়ী আইএমইডি'র অন্যতম প্রধান কাজ হলো, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-ভূক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন পরিবীক্ষণ (implementation monitoring), নিবিড় পরিবীক্ষণ (in-depth monitoring), সমাপ্ত প্রকল্পের প্রান্তিক মূল্যায়ন (terminal evaluation) এবং প্রভাব মূল্যায়ন (impact evaluation) করা। এ ছাড়া, অর্থবছর ভিত্তিক এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পসমূহের Project Completion Report (PCR) সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ হতে পাওয়ার পর তা মূল্যায়ন করা হয়।

আইএমইডি অনুমোদিত সমাপ্ত প্রকল্পসমূহের মূল্যায়ন প্রতিবেদন সংকলন করে প্রতি বছর পুস্তক আকারে প্রকাশ করে থাকে। ২০২০-২১ অর্থবছরে সংশোধিত এডিপিভুক্ত ১৯৫৪টি উন্নয়ন প্রকল্পের মধ্যে মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক ৩৪৯টি সমাপ্ত প্রকল্পের প্রান্তিক মূল্যায়ন (terminal evaluation) প্রতিবেদনসমূহ সংকলন করে চার খন্ডে প্রকাশের উদ্যোগ নেয়া হয়েছে। ইতোমধ্যে সমাপ্ত প্রকল্পসমূহের মূল্যায়ন প্রতিবেদন পৃথকভাবে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নিকট প্রেরণ করা হয়েছে। এ সংকলনে মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক প্রকল্পসমূহের Project Completion Report (PCR) পর্যালোচনা করা হয়েছে। এ ছাড়া, এডিপি'র আওতায় পরিচালিত সামগ্রিক উন্নয়ন কার্যক্রম সম্পর্কে আলোকপাত এবং প্রকল্প বাস্তবায়নে বিভিন্ন সমস্যা চিহ্নিত করে তদপ্রেক্ষিতে মতামত ও সুপারিশ প্রদান করা হয়েছে। এ প্রতিবেদনের মতামত ও সুপারিশসমূহ বিবেচনায় নিলে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন আরো সমৃদ্ধ হবে। ফলশ্রুতিতে, জাতীয় উন্নয়ন উপকৃত হবে মর্মে আশা করা যায়। প্রতিটি সমাপ্ত প্রকল্পের PCR ও সর্বশেষ অনুমোদিত ডিপিপি/টিপিপি পর্যালোচনা, প্রকল্প অফিস ও প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন এবং প্রকল্প সংক্রান্ত বিভিন্ন তথ্য-উপাত্ত ও প্রয়োজনীয় ডকুমেন্টস বিশ্লেষণপূর্বক প্রকল্পের প্রান্তিক মূল্যায়ন (terminal evaluation) প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কার্যকরভাবে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সংকলনটি একটি নির্দেশিকা বা তথ্যভান্ডার হিসেবে কাজ করতে পারে। এ ছাড়া, সাধারণ নাগরিকসহ বিভিন্ন গবেষকের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ প্রকাশনা হিসেবে বিবেচিত হতে পারে। পরিশেষে, এ প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকল সহকর্মীকে আন্তরিক মোবারকবাদ জানাচ্ছি।

তারিখ: ২৫/০৮/২০২৪ খ্রিঃ

মোঃ কামাল উদ্দিন
সচিব